

■■ জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ পবিত্রতা (ওয়্ ও তায়াম্মুম) রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

তায়াম্মুমের সঠিক পদ্ধতি

মুছল্লী পবিত্র হওয়ার নিয়ত করে 'বিসমিল্লাহ' বলে মাটিতে দুই হাত একবার মারবে।[1] অতঃপর ফুঁক দিয়ে ঝেড়ে ফেলে প্রথমে মুখমণ্ডল তারপর দুই হাত একবার কব্জি পর্যন্ত মাসাহ করবে। যেমন রাসূল (ছাঃ) বলেন,

إِنَّمَا كَانَ يَكْفِيْكَ هَكَذَا فَضَرَبَ النَّبِيُّ ؟ بِكَفَّيْهِ الْأَرْضَ وَنَفَخَ فِيْهِمَا ثُمَّ مَسَحَ بِهِمَا وَجْهَهُ وَكَفَّيْهِ.

'তোমার জন্য এইরূপ করাই যথেষ্ট ছিল। এই বলে তিনি তাঁর দুই হাত মাটির উপর মারলেন এবং ফুঁক দিলেন। অতঃপর দুই হাত দ্বারা মুখমণ্ডল ও দুই হাতের কব্জি পর্যন্ত মাসাহ করলেন।[2]

জ্ঞাতব্য: আবুদাউদে দুইবার হাত মারা ও পুরো হাত বগল পর্যন্ত মাসাহ করা সংক্রান্ত যে হাদীছ বর্ণিত হয়েছে, তার সনদ বিশুদ্দ হলেও সেগুলো মূলতঃ কতিপয় ছাহাবীর ঘটনা মাত্র, যা রাসূল (ছাঃ) তাদেরকে শিক্ষা দেওয়ার আগে ঘটেছিল।[3] অতঃপর রাসূল (ছাঃ) তায়াম্মুমের উক্ত পদ্ধতি শিক্ষা দেন। যেমন- ইমাম মুহিউস সুন্নাহ বলেন,

'এটা ছাহাবীদের কাজের ঘটনা, যা আমরা রাসূল (ছাঃ) থেকে নকল করতে পারিনি। যেমনটি আম্মার (রাঃ) জুনবী অবস্থায় মাটিতে গড়াগড়ি করার ঘটনা নিজের পক্ষ থেকে বর্ণনা করেছেন। অতঃপর যখন তিনি রাসূল (ছাঃ)-কে জিজ্ঞেস করলেন, তখন তিনি শুধু মুখমণ্ডল ও দুই কিজি মাসাহর নির্দেশ দান করেন। এ পর্যন্তই শেষ করেছেন। আর আম্মার (রাঃ) তার কাজ থেকে ফিরে আসেন।[4] শায়খ আলবানী (রহঃ) বলেন,

لَكِنَّ الْعَمَلُ لَيْسَ عَلَيْهِ لِأَنَّ الصَّحَابَةَ لَمْ يَفْعَلُوْا ذَلِكَ بِتَعْلِيْمٍ مِنَ النَّبِيِّ ﴿ وَإِنَّمَا الْعَمَلُ عَلَى حَدِيْتِهِ الْآخِرِ الْآتِيْ بَعْدَهُ 'কিন্তু আমল এর উপর (দুই হাত মারা) ছিল না। কারণ তখন ছাহাবীগণ রাসূল (ছাঃ)-এর শিক্ষা অনুযায়ী করেননি। বরং আমল ছিল শেষ হাদীছের প্রতি, যা পরেই আসছে।[5] অতএব রাসূলের আমল ও বক্তব্যই উম্মতের জন্য অনুসরণীয়।

ফুটনোট

- [1]. মুত্তাফারু আলাইহ; ছহীহ বুখারী হা/১; মিশকাত হা/১; ছহীহ তিরমিয়ী হা/২৫, ১/১৩ পৃঃ; ছহীহ ইবনু মাজাহ হা/৩৯৭, পৃঃ ৩২ সনদ হাসান; মিশকাত হা/৪০২।
- [2]. ছহীহ বুখারী হা/৩৩৮, ১/৪৮ পৃঃ, (ইফাবা হা/৩৩১, ১/১৮৮ পৃঃ), 'তায়াম্মুম' অধ্যায়, অনুচ্ছেদ-৪; মুসলিম



হা/৮৪৬, ১/১৬১ পৃঃ; মিশকাত হা/৫২৮, পৃঃ ৫৪; বঙ্গানুবাদ মিশকাত হা/৪৯৩, ২/১৩৫ পৃঃ।

- [3]. আবুদাউদ হা/৩১৮, ১/৪৭ পৃঃ; মিশকাত হা/৫৩৬, পৃঃ ৫৫।
- [4]. তাহকীক মিশকাত হা/৫৩৬-এর টীকা দ্রঃ ১/১৬৭ পূঃ।
- [5]. ছহীহ আবুদাউদ হা/৩৪৩, ২/১২৬ পৃঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1832

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন